

Smileam
11.5.2021



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর

স্মারক নং ০৫(৫২৯) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭৭০(১৪)

তারিখঃ ১০/০৫/২০২৩

**২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ
সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) হয়েছে তাদের বিশেষ বিবেচনায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ফরম পূরণের সুযোগ প্রদান করা হলো :

- ১। ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।
- ২। ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

বিঃ দ্রঃ অনলাইনে ফরম পূরণ, শিক্ষার্থীদের ডাটা নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা ইত্যাদি ফরম পূরণের যাবতীয় কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী (স্মারক নং ০৫(৫২৯) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭৬৯(০৭), তারিখঃ ০৭/০৫/২০২৩) পরিচালিত হবে। উল্লেখ থাকে যে স্মারক নং ০৫(৫২৯) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭২২ তারিখঃ- ২৪/০১/২০২৩ অনুযায়ী সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

e-mail : controller@nu.ac.bd

স্মারক নং ০৫(৫২৯) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৭৭০ (১৪)

তারিখঃ ১০/০৫/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন ও বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, কুমিল্লা, রাজশাহী, যশোর, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, আগারগাও, ঢাকা
- ৪। অধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ
- ৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৬। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সকল জেলা প্রশাসক ও সুপারভাইজিং কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০২১
- ৮। পুলিশ সুপার, সকল জেলা
- ৯। সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০২১
- ১০। সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ১১। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ১২। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ১৩। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ১৪। অফিস কপি।

(মোঃ আমীর খইয়াম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

মোবাইল : ০১৭১৬৫৮৬৬৬৪

e-mail : nudegreepassexam@gmail.com